# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


## অফিস আদেশ

**বিষয় : ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃপক্ষ কর্তৃক ছাত্রদের জন্য অনুমোদিত ইউনিফর্ম পরিধান প্রসঙ্গে।**

বরাত : ক। কলেজের পত্র নং প্রশা:/২৫-১৩১৪, তারিখ : ২৩/০৭/২০২৫।

১। উপর্যুক্ত বিষয় ও বরাতের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরাত 'ক' এর মাধ্যমে গঠিত কমিটি এবং ছাত্রদের প্রিফেক্টোরিয়াল বোর্ডের মতামতের ভিত্তিতে কলেজ কর্তৃপক্ষ নিম্নলিখিত রূপে ছাত্রদের পোশাক পরিধান করার জন্য নির্দেশ প্রদান করা হলো :

২। **গ্রীষ্মকালীন ও শীতকালীন ইউনিফর্মের বিবরণ :**

| শ্রেণি | গ্রীষ্মকালীন ( মার্চ থেকে অক্টোবর) | শীতকালীন (নভেম্বর থেকে ফেব্রুয়ারি) |
|---|---|---|
| তৃতীয় থেকে পঞ্চম | সাদা হাফশার্ট, সাদা ফুলপ্যান্ট, কালো বেল্ট, কালো জুতা (অক্সফোর্ড), সাদা মোজা, সাদা স্যান্ডো গেঞ্জি। | সাদা ফুলশার্ট, সাদা ফুলপ্যান্ট, কালো বেল্ট, নেভি ব্লু সোয়েটার, নেভি ব্লু টাই, কালো জুতা (অক্সফোর্ড), সাদা মোজা, সাদা স্যান্ডো গেঞ্জি। |
| ষষ্ঠ থেকে দ্বাদশ | সাদা হাফশার্ট, সাদা ফুলপ্যান্ট, কালো বেল্ট, কালো জুতা (অক্সফোর্ড), সাদা মোজা, সাদা স্যান্ডো গেঞ্জি। | সাদা ফুলশার্ট, সাদা ফুলপ্যান্ট, কালো বেল্ট, নেভি ব্লু সোয়েটার, নেভি ব্লু টাই, কালো জুতা (অক্সফোর্ড), সাদা মোজা, সাদা স্যান্ডো গেঞ্জি। |

৩। **মনোগ্রাম ও নেমট্যাগ :**

প্রভাতি শাখা : আবাসিক ছাত্রদের শার্টের মনোগ্রাম ও নেমট্যাগের রং নেভী ব্লু।
প্রভাতি অনাবাসিক : মনোগ্রাম ও নেমট্যাগের রং সবুজ।
দিবা শাখা : মনোগ্রাম ও নেমট্যাগের রং মেরুন।
বাংলা মাধ্যমের ছাত্রদের বাংলা নেমট্যাগ এবং ইংরেজি মাধ্যমের ছাত্রদের ইংরেজি নেমট্যাগ থাকবে।

৪। **এছাড়া অন্যান্য সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :**

ক। কলেজ প্রিফেক্টোরিয়াল বোর্ড কর্তৃক প্রদত্ত নমুনা অনুযায়ী ছাত্রদের গ্রীষ্মকালীন ও শীতকালীন ইউনিফর্ম নির্ধারিত হবে।

খ। আবাসিক ছাত্রদের প্রাতঃকালীন অনুশীলন ও বৈকালিক খেলাধুলার পোশাক হবে নেভি ব্লু জার্সি কাপড়ের হাফপ্যান্ট, জার্সি কাপড়ের সাদা টিশার্ট ও সাদা পিটি সু।

গ। আবাসিক ছাত্রদের অন্য সকল নির্ধারিত পোশাক ও সামগ্রী পূর্বের মতোই বজায় থাকবে।

ঘ। মনোগ্রাম ও নেমট্যাগে প্রভাতি (আবাসিক-অনাবাসিক) ও দিবার (অনাবাসিক) নির্ধারিত রং অনুসরণ করতে হবে।

ঙ। কলেজ প্রিফেক্টোরিয়াল বোর্ডের নমুনা অনুযায়ী সকল ছাত্রের নেইমট্যাগ কেলকো পদ্ধতিতে হবে।

চ। কলেজ প্রিফেক্টোরিয়াল বোর্ডের নমুনা অনুযায়ী কলেজের নির্ধারিত পোশাক, মনোগ্রাম, নেইমট্যাগ ও অন্যান্য সামগ্রী কলেজ ক্যান্টিন থেকে ক্রয় বাধ্যতামূলক নয়।

ছ। শার্ট ও প্যান্টের কাপড়ের গুনগতমান মধ্যম পর্যায়ে করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কেননা খুব উঁচুমানের ক্ষেত্রে মূল্যস্তর উঁচু হয়- যা অনেক ছাত্রের পরিবারের পক্ষে ক্রয় করা সম্ভব নয়।

জ। ইউনিফর্ম পরিধান কলেজের নির্দেশ অনুযায়ী বাধ্যতামূলক।

ঝ। শার্টে কোন ধরনের এপিউলেট ব্যবহার না করার জন্য বলা হলো।

৫। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ড. মোহাম্মদ জাবের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
অধ্যক্ষ
তারিখ : ২১.০৮.২০২৫

পত্র নং : প্রশা:/২৫-১৪৮৬
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১। উপাধ্যক্ষবৃন্দ
২। সকল শ্রেণিশিক্ষকবৃন্দ
৩। হিসাবরক্ষণ কর্মকর্তা
৪। প্রশাসনিক কর্মকর্তা
৫। কলেজ ওয়েবসাইট
৬। গার্ড ফাইল
৭। কলেজ ক্যান্টিন

**Resident**

**Non-Resident (Day Shift)**

**Non-Resident (Morning Shift)**



## Winter Tracksuit For Morning PT




→ **Resident**

→ **Non-Resident**
**(Day Shift)**

→ **Non-Resident**
**(Morning Shift)**




## Dress for Games